বাগেরহাটে ভ্যাট সপ্তাহ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

“ভ্যাট দিচ্ছে জনগন, দেশের হচ্ছে উন্নয়ন” এই শ্লোগানকে সামনে রেখে বাগেরহাটে নানা কর্মসূচী মধ্যদিয়ে ভ্যাট দিবস ও জাতীয় ভ্যাট সপ্তাহ শুরু হয়েছে। বাগেরহাট জেলা কাস্টমস্ এক্সাইজ এন্ড ভ্যাট বিভাগের আয়োজনে বৃহস্পতিবার সকালে বাগেরহাট ষ্টেডিয়ামের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে বাগেরহাট কাস্টমস্ এক্সাইজ এন্ড ভ্যাট অফিস প্রাঙ্গনে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন, খুলনা কাস্টমস্ এক্সাইজ এন্ড ভ্যাট বিভাগের কমিশনারেট এর কমিশনার মোঃ মোস্তবা আলী।

বাগেরহাট কাস্টমস্ এক্সাইজ এন্ড ভ্যাটের সহকারী কমিশনার মোঃ নাজমুল হকের সভাপতিত্বে আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, কাস্টমস্ এক্সাইজ এন্ড ভ্যাটের খুলনা কমিশনারেট এর অতিরিক্ত কমিশনার মুহাম্মদ রাসেদুল আলম, যুগ্ম-কমিশনার মোহাম্মদ বাপাপী শহরিয়ার সিদ্দিকী, ডেপুটি কমিশনার সুমন দাস, বাগেরহাট চেম্বার সভাপতি শেখ লেয়াকত হোসেন রাজস্ব কর্মকর্তা আব্দুস সালাম, সুবীর দাস, মোঃ গোলাম ফারুক, সহকারী রাজস্ব কর্মকর্তা আবুল হোসেন, আবু রায়হান, জান্নাতুল ফেরদাউস, জিএম রবিউল ইসলাম প্রমুখ।

বক্তারা, ভ্যাট প্রদানে উদ্বুদ্ধ হওয়ার জন্য ব্যবসায়ীদের প্রতি আহবান জানান। এর আগে অতিথিবৃন্দ ফিতা কেটে ভ্যাট দিবস ও জাতীয় ভ্যাট সপ্তাহের উদ্বোধন করেন।